গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সিএসডি, এলএসডি, টিপিসি শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮৪.০২.০০১.২০.১০

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৭
০৯ জুলাই ২০২০

বিষয়: **তামাদি/সময়োত্তীর্ণ/বকেয়া বিল পরিশোধের প্রস্তাবের সাথে প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্য সংযোজন।**

উপযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তর হতে বিভিন্ন সময়ে তামাদি/সময়োত্তীর্ণ/বকেয়া বিল পরিশোধের মঞ্জুরি চেয়ে অত্র দপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়ে থাকে। কিন্তু প্রেরিত প্রস্তাবের সাথে প্রয়োজনীয় তথ্যাদি যথাযথভাবে প্রেরণ করা হয়না। প্রেরিত বিলে সুস্পষ্ট সুপারিশ ছাড়াই পত্র প্রেরণ করা হয়ে থাকে যা আদৌ কাম্য নয়। এছাড়াও প্রেরিত প্রস্তাবে অধিকাংশ ক্ষেত্রে বিল সময়মত পরিশোধ না করার যুক্তিসংগত কারণ বা ব্যাখ্যা থাকে না। উপরন্তু জেলা/স্থানীয় হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক নন-ড্রয়াল সনদ/প্রত্যয়ন সংযুক্ত করা হয় না। এসব নানাবিধ বিষয় পর্যালোচনায় দাপ্তরিক কাজে অনর্থক সময় ব্যয় ও জটিলতার সৃষ্টি হয়। সে কারণে কাজের সুবিধার্থে এখন থেকে তামাদি/সময়োত্তীর্ণ/বকেয়া বিল পরিশোধের অনুমোদনের ক্ষেত্রে প্রয়োজনীয় সকল প্রকার কাগজপত্রসহ নিম্নবর্ণিত তথ্যাদি (চেকলিস্ট) বিলের সাথে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**সময়োত্তীর্ণ বিলের ছক অনুযায়ী তথ্যঃ (শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদারদের জন্য)**

**"ছক"**

| | | | |
|---|---|---|---|
| ১ | ঠিকাদার/প্রতিষ্ঠানের নাম | : | |
| ২ | ঠিকাদারের শ্রেণি | : | |
| ৩ | কাজের সময়কাল ও তারিখ | : | |
| ৪ | কাজের স্থান | : | |
| ৫ | ডিডিও কর্তৃক প্রেরণের মেমো নং ও তারিখ | : | |
| ৬ | দাবিকৃত টাকার পরিমাণ | : | |
| ৭ | খাদ্য অধিদপ্তর কর্তৃক বিল গ্রহণের তারিখ রেজিস্টারের ক্রমিক নং | : | |
| ৮ | যথা সময়ে বিল পরিশোধ না করার কারণ | : | |
| ৯ | চূড়ান্ত বিল পরিশোধকারী কর্তৃপক্ষ | : | |
| ১০ | অভ্যন্তরীণ/বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি থাকলে তার বিবরণ | : | |
| ১১ | জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক নন-ড্রয়াল সার্টিফিকেট | : | |
| ১২ | ডিডিও কর্তৃক নন-ড্রয়াল প্রত্যয়ন | : | |
| ১৩ | সময়োত্তীর্ণ বিল পরিশোধের সুস্পষ্ট সুপারিশ | : | |

ডিডিও এর স্বাক্ষর ও নামসহ সিল

উল্লেখ্য যে, খাদ্য মন্ত্রণালয়ের ০৪/০২/১৯৮৮ খ্রি. তারিখের ৪৯/খাম(স-৩)/গ-১/৮৮ নং স্মারকে সময়োত্তীর্ণ পরিবহণ বিল পরিশোধ বিষয়ে উল্লেখ আছে যে, "০৩ বৎসর পর্যন্ত মেয়াদোত্তীর্ণ বিল প্রদানের ক্ষেত্রে অধিদপ্তর ক্ষমতাবান; ৩ বৎসরের বেশি এবং ৬ বৎসর পর্যন্ত মেয়াদোত্তীর্ণ বিলের ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমোদন লাগবে। ৬ বৎসরের বেশি পূর্বের দাবি হলে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন আবশ্যক।"

এমতাবস্থায়, বিষয়টির গুরুত্ব বিবেচনা করে সংশ্লিষ্ট সকলকে এ নির্দেশনা পূর্ণাঙ্গভাবে অনুসরণের জন্য বলা

হলো।

এতে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এর অনুমোদন রয়েছে।

৯-৭-২০২০
আব্দুল্লাহ আল মামুন
পরিচালক

বিতরণ :
১) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর
২) প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল,
পোস্তগোলা ঢাকা।
৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)
৪) সাইলো সুপার (সকল)
৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট,
খাদ্য অধিদপ্তর
৬) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (সকল)
৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
৮) ব্যবস্থাপক(সকল)